



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৪৯/ঢাকা/২৮২৭

তারিখ : ১৪/০৯/২০২০

বিষয় : অর্থ ফেরতসহ প্রতিষ্ঠানের স্কুল এবং কলেজ আলাদাকরণ ও মাধ্যমিক শাখায় একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করা প্রসঙ্গে।

সূত্র : তদন্ত কমিটির ১৮/০৮/২০২০ তারিখের প্রদত্ত প্রতিবেদনের সুপারিশ এবং সার্বিক বিষয় বিবেচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

(১) প্রধান শিক্ষক জনাব মোঃ আবদুল লতিফ একই সময়ে বিধি বহির্ভূতভাবে ০২ (দুই)টি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরি করায় স্কুল হতে আহরিত বেতন-ভাতাদি আবুল হাশেম ফাউন্ডেশন তহবিলে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(২) তদন্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের 'স্কুল' এবং 'কলেজ' আলাদা করার সুপারিশ রয়েছে। অপরপক্ষে প্রতিষ্ঠানের জায়গা 'টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ'-এর নামে আছে। ফলে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রতিষ্ঠানের জমি আলাদা আলাদাভাবে উভয় প্রতিষ্ঠানের (স্কুল এবং কলেজ) নামে দলিলসহ নামজারি এবং খারিজ খতিয়ান করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো।

(৩) প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদানের মেয়াদ ৩১/১২/২০১৭ তারিখে শেষ হবার পর একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করায় এবং প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ না করে ভাড়াকৃত ভবনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করায় কেন পাঠদান প্রত্যাহার করা হবে না মর্মে কারণ দর্শানো হলো।

উক্ত বিষয়াবলি দফা ওয়ারী কার্যক্রম গ্রহণ করে উপযুক্ত প্রমাণসহ দাখিলের জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল।

পোঃ- আলীয়া মাদ্রাসা, উপজেলা- সাভার, জেলা- ঢাকা।

(২) সভাপতি

আবুল হাশেম ফাউন্ডেশন

ইউনিক, বাইপাইল, আশুলিয়া, সাভার, জেলা- ঢাকা।

মেমো নং- ২৮২৭(৮)

তারিখ : ১৪/০৯/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাভার থানা।
- ৭। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।